



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৫০৫৩১/৬৭/৩/চট্টগ্রাম-৩০৫

তারিখ: ১৬.০৯.২০২০ খ্রি.

বিষয়: অভিযোগ বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে (৩য় তাগিদপত্র)।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন মাদ্রাসা-ই আবু হরাইরা (রা:) দাখিল মাদ্রাসার সভাপতি ছৈয়দ হোসেন সওদাগর এর বিরুদ্ধে মাদ্রাসার সুপার একথানা অভিযোগ দাখিল করেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার একজন ছাত্রের হাতে পরীক্ষার কেন্দ্রে দুটি প্রশ্নপত্র থাকায় সে এই বিষয়ে সদুত্তর দিতে না পারায় পরীক্ষার হল থেকে বহিষ্কার করার ঘটনাকে কেন্দ্র করে সভাপতি কর্তৃক সুপার মুহাম্মদ নোমানুর রহমান নুরীকে তিনি গত ০৪/০৫/২০০৯ খ্রি. তারিখে অপসারণ করার নোটিশ দেন, যা কোন বিধি মোতাবেক করা হয়নি মর্মে অভিযোগে উল্লেখ করেন। তিনি আরও উল্লেখ করেন যে তার কোন অপরাধের জন্য পূর্বে তাকে কোন কারণ দর্শানো কিংবা আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয়নি। পরবর্তীতে অভিযোগকারী সুপার সাতকানিয়া সিনিয়র সহকারী জজ আদালতে মামলা নং ৩০২/২০০৯ দায়ের করেন, যা অদ্যাবধি নিষ্পত্তি হয়নি। বেসরকারী মাদ্রাসার শিক্ষকদের চাকুরীর শর্তাবলী ১৯৭৯ এর প্রবিধানমালা ১২ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) মোতাবেক 'শিক্ষক ও কর্মচারীদের অপসারণ ও বরখাস্তের বিষয়ে বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ ব্যতীত আরোপ করা যাইবেনা' মর্মে বিধান আছে। কিন্তু সুপার মুহাম্মদ নোমানুর রহমান নুরীর ক্ষেত্রে উক্ত বিধান অনুসরণ করা হয়নি (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... পাতা


২৬.৯.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮


উপজেলা নির্বাহী অফিসার
সাতকানিয়া, চট্টগ্রাম

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৫০৫৩১/৬৭/৩/চট্টগ্রাম-৩০৫

তারিখ: ২৬.০৯.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম;
৪. সুপার (অভিযোগকারী), মাদ্রাসা-ই আবু হরাইরা (রা:) দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;
৫. সভাপতি, আবু হরাইরা (রা:) দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


২৬/৯/২০২০

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪